



প্রেমে ব্যর্থ হয়ে দুধ দিয়ে গোসল, নতুন জীবনের ঘোষণা যুবকের



ছবি: সংগৃহীত

প্রেমের সম্পর্কে ব্যর্থ হওয়ার পর প্রতীকীভাবে দুধ দিয়ে গোসল করে সেই সম্পর্ক থেকে বেরিয়ে নতুনভাবে জীবন শুরু ঘোষণা দিয়েছেন জয়পুরহাটের ক্ষেতলাল উপজেলার এক যুবক।

গুৱাবার (২৮ আগস্ট) বিকেলে উপজেলার বিলের ঘাট এলাকায় এ ঘটনা ঘটে। দুধ দিয়ে গোসল করা যুবকের নাম তারিকুল ইসলাম (২৫)। তিনি শালুকডুবি গ্রামের ছেরদুল হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, বিকেলে বিলের ঘাট এলাকায় গিয়ে দুধ দিয়ে গোসল করেন তারিকুল। বিষয়টি দেখে সেখানে কৌতূহলী মানুষের ভিড় জমে। একপর্যায়ে তিনি জানান, দুধ দিয়ে গোসলের মাধ্যমে পুরোনো প্রেমের সম্পর্কের ইতি টেনে নতুন জীবন শুরু করতে চান।

তারিকুল ইসলাম বলেন, একসময় একজনকে ভালোবেসেছিলেন। সেই সম্পর্ক থেকে নানা কষ্ট ও হতাশার অভিজ্ঞতা হয়েছে। তাই সম্পর্কটি থেকে নিজেকে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। সেই সিদ্ধান্তের প্রতীক হিসেবেই দুধ দিয়ে গোসল করেছেন তিনি।

তিনি বলেন, ভালোবাসার কারণে অনেক কষ্ট পেয়েছেন। এখন আর ওই সম্পর্কে থাকতে চান না। অতীতকে পেছনে ফেলে নিজের জীবন ও ভবিষ্যৎ নিয়ে নতুন করে ভাবতে চান।

তারিকুলের এই ব্যতিক্রমী উদ্যোগের খবর ছড়িয়ে পড়লে স্থানীয়দের মধ্যে আলোচনা শুরু হয়। সামাজিক যোগাযোগমাধ্যমেও ঘটনাটি ছড়িয়ে পড়ে। অনেকে ঘটনাটিকে ব্যতিক্রমী ব্রেকআপ হিসেবে দেখছেন। তবে তারিকুলের প্রত্যাশা, অতীতের কষ্ট ভুলে এবার তিনি স্বাভাবিক জীবনে ফিরে সামনে এগিয়ে যেতে পারবেন।